

🗏 আন-নিসা | An-Nisa | ٱلنِّسَاء

আয়াতঃ ৪:১১৮

া আরবি মূল আয়াত:

لَّعَنَهُ اللَّهُ وَ قَالَ لَاَتَّخِذَنَّ مِن عِبَادِكَ نَصِيبًا مَّفرُوضًا ﴿١١٨﴾

🗚 অনুবাদসমূহ:

আল্লাহ তাকে লা'নত করেছেন এবং সে বলেছে, 'অবশ্যই আমি তোমার বান্দাদের এক নির্দিষ্ট অংশকে (অনুসারী হিসেবে) গ্রহণ করব'। — আল-বায়ান

আল্লাহ তাকে লা'নাত করেছেন কারণ সে বলেছিল, 'আমি তোমার বান্দাদের থেকে নির্দিষ্ট অংশকে আমার অনুসারী হিসেবে গ্রহণ করব।' — তাইসিরুল

আল্লাহ তাকে অভিসম্পাত করেছেন; এবং শাইতান বলেছিল, আমি অবশ্যই তোমার সেবকবৃন্দ হতে এক নির্দিষ্ট অংশ গ্রহণ করব । — মুজিবুর রহমান

Whom Allah has cursed. For he had said, "I will surely take from among Your servants a specific portion. — Sahih International

১১৮. আল্লাহ তাকে লা'নত করেন এবং সে বলে, আমি অবশ্যই আপনার বান্দাদের এক নির্দিষ্ট অংশকে আমার অনুসারী করে নেব।

তাফসীরে জাকারিয়া

- (১১৮) আল্লাহ তাকে (শয়তানকে) অভিসম্পাত করেছেন এবং সে (শয়তান) বলেছে, 'আমি তোমার দাসদের এক নির্দিষ্ট অংশকে (নিজের দলে) গ্রহণ করবই। [1]
 - [1] 'নির্দিষ্ট অংশ' বলতে এমন নযর-নিয়াযও হতে পারে যা মুশরিকরা নিজেদের মূর্তির জন্য এবং কবরে সমাধিস্থ ব্যক্তিবর্গের নামে নিবেদন করত, আবার জাহান্নামীদের সে সংখ্যাও হতে পারে, যাদেরকে শয়তান ভ্রষ্ট করে নিজের সাথে জাহান্নামে নিয়ে যাবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=611



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন